

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৭-১৬২

তারিখঃ ২৫/০৭/২০১৭ খ্রিঃ।

সময় : ০৩:০০ টা

বিষয়ঃ প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২৫/০৭/২০১৭ খ্রিঃ তারিখ দেশের বিভিন্ন জেলায় বন্যা, অতিবৃষ্টি, ঘূর্ণিঝড়, অগ্নিকান্ড, নৌকাডুবি, নিম্নচাপ এবং অন্যান্য দুর্যোগের ক্ষয়ক্ষতি সংক্রান্ত প্রাপ্ত তথ্য এবং জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পত্র-পত্রিকা ও রেডিও-টেলিভিশন, এনডিআরসিসি হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন এতদসংক্ষেপে প্রেরণ করা হলো।

০১.	কক্সবাজার	জেলা ত্রাণ পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় হতে ই-মেইল মারফত জানা যায় যে, গত ২২/০৭/২০১৭ খ্রিঃ তারিখ কক্সবাজার জেলার সদর এবং রামু উপজেলায় অতি বর্ষণের ফলে পাহাড় ধসে চার জন নিহত হন। নিহতরা হলেন ১) সাহেদ (১৯), পিতা- নূরুল হক, চৌফলদন্ডী, সদর। ২) সাদ্দাম হোসেন (২৮), পিতা- এরশাদুল্লাহ, পিএম খালী, সদর। ৩) জিসান (৪), পিতা- জিয়াউর রহমান, পাহাড়তলী, রামু। ৪) সাইমা আক্তার (৩), পিতা- জিয়াউর রহমান, পাহাড়তলী, রামু। এবং গত ২৪/০৭/২০১৭ খ্রিঃ তারিখ পেকুয়া উপজেলায় অতি বৃষ্টির ফলে মাটির দেয়াল ধসে মনোয়ারা বেগম (৬০), স্বামী-মৃত মোহছেন আলী, চৌকিদার পাড়া, পেকুয়া, নামের একজন মহিলা নিহত হয়।
০২.	অন্য কোন জেলা হতে প্রাকৃতিক দুর্যোগের কোন তথ্যাদি পাওয়া যায়নি, তবে তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। ইহা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।	

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-

(নাজনীন শামীমা)

ভারপ্রাপ্ত কর্মকর্তা

জরুরী সাড়াদান কেন্দ্র

ফোনঃ ৫৮৮১১৬৫১

ফ্যাক্সঃ ৯৮৯১১২৬

Email: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা

জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/এমআইএম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। সংরক্ষণ নথি।